# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৪০]

১০. কিতাবুল আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ নামাযে ডান হাত বাম হাতের উপর রাখা

باب وَضْعِ الْيُمْنَى عَلَى الْيُسْرَى

আরবী

□□□ـ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ كَانَ النَّاسُ يُؤْمَرُونَ أَنْ يَضَعَ الرَّجُلُ الْيَدَ الْيُمْنَى عَلَى ذِرَاعِهِ الْيُسْرَى فِي الصَّلاَةِ

বাংলা

৪২১) সাহল বিন সা’দ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ লোকদেরকে নামাযে দাঁড়ানো অবস্থায় ডান হাত বাম হাতের বাহুর উপর স্থাপন করার আদেশ দেয়া হত।

টিকাঃ হাতের কব্জি থেকে কনুই পর্যন্ত স্থানকে ‘যিরা’ বা বাহু বলা হয়। উপরের হাদীছে বলা হয়েছে যে, লোকদেরকে নামাযে ডান হাত বাম বাহুর উপর রাখার নির্দেশ দেয়া হত। কিন্তু বাহুর কোন্ স্থানে রাখার নির্দেশ দেয়া হত তা নির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি। সহীহ ইবনে খুযায়মার বর্ণনা অনুযায়ী জানা যায় যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযে বুকের উপর হাত রাখতেন।

عن وائل بن حجر قال صليت مع رسول الله صلى الله عليه وسلم ، ووضع يده اليمنى على يده اليسرى على صدره

“ওয়াইল ইবনে হুজর (রাঃ) বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে নামায আদায় করেছি। তিনি ডান হাত বাম হাতের উপর রেখে উভয় হাত বুকের উপর স্থাপন করেছেন। (সহীহ ইবনে খুযায়মা, হাদীছ নং- ৪৬৩) সে হিসেবে আমরা বলতে পারি লোকদেরকে ডান হাত বাম হাতের বাহুর উপর রেখে বুকের উপর স্থাপন করার আদেশ দেয়া হত এবং এটিই সুন্নাত।

## English

To place the right hand on the left [in As-Salt (the prayers)]

Narrated Sahl bin Sa`d:

The people were ordered to place the right hand on the left forearm in the prayer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89719

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন